

একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাজেট শাখা
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৬৪.৯৯.০০৩.২৩.৩৯৭

তারিখ: ১১ আষাঢ় ১৪৩০
২৫ জুন ২০২৩

বিষয়: শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীবৃন্দের জন্য বিশেষ অনুদান” খাতে বরাদ্দকৃত অর্থ বিতরণের লক্ষ্যে
শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের চূড়ান্ত তালিকা প্রকাশ।


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০২২-২৩ অর্থবছরে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীবৃন্দের জন্য বিশেষ অনুদান” খাতে বরাদ্দকৃত অর্থ বিতরণের লক্ষ্যে নিম্নোক্ত শর্তে সংযুক্ত তালিকা মোতাবেক ২৪০ টি শিক্ষা প্রতিষ্ঠান, ৪০০ জন শিক্ষক-কর্মচারী, ৩৬৬৭ জন ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণির শিক্ষার্থী, ২৬২১ জন ৯ম থেকে ১০ম শ্রেণির শিক্ষার্থী, ১৮৬০ জন একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী এবং ১৬৭৮ জন স্নাতক ও তদুর্ধ্ব পর্যায়ের শিক্ষার্থী মোট ৯৮২৬ জন শিক্ষার্থীকে নির্দেশক্রমে মনোনয়ন প্রদান করা হলো:

শর্তসমূহ:

- (১) মনোনীত ২৪০ টি শিক্ষা প্রতিষ্ঠান প্রতিটি ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা প্রাপ্য হবে;
- (২) মনোনীত ৪০০ জন শিক্ষক-কর্মচারী প্রত্যেকে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা প্রাপ্য হবে;
- (৩) ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির মনোনীত ৬২৮৮ জন ছাত্রছাত্রী প্রত্যেকে ৮,০০০/- (আট হাজার) টাকা প্রাপ্য হবে;
- (৪) একাদশ ও দ্বাদশ শ্রেণির ১৮৬০ জন ছাত্রছাত্রী প্রত্যেকে ৯,০০০/- (নয় হাজার) টাকা প্রাপ্য হবে;
- (৫) স্নাতক ও তদুর্ধ্ব পর্যায়ে ১৬৭৮ জন ছাত্রছাত্রী প্রত্যেকে ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রাপ্য হবে;
- (৬) বরাদ্দকৃত অর্থ বাংলাদেশ ডাক বিভাগের ডিজিটাল ফিন্যান্সিয়াল সার্ভিস ‘নগদ’ কর্তৃক মনোনীত শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব ব্যাংক হিসাবে অনলাইন এর মাধ্যমে এবং শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে মোবাইল ব্যাংকিং নগদ এর মাধ্যমে বিতরণ করা হবে।

সংযুক্তিসমূহ:

- (ক) মনোনীত মনোনীত ২৪০ টি শিক্ষা প্রতিষ্ঠানের নামের তালিকা (১৬ পৃষ্ঠা);
- (খ) মনোনীত ৪০০ জন শিক্ষক-কর্মচারীর নামের তালিকা (১৬ পৃষ্ঠা);
- (গ) মনোনীত ৩৬৬৭ জন ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণির ছাত্রছাত্রীর নামের তালিকা (১৮৪ পৃষ্ঠা);
- (ঘ) মনোনীত ২৬২১ জন ৯ম থেকে ১০ম শ্রেণির ছাত্রছাত্রীর নামের তালিকা (১৩৮ পৃষ্ঠা);
- (ঙ) মনোনীত ১৮৬০ জন একাদশ থেকে দ্বাদশ শ্রেণির ছাত্রছাত্রীর নামের তালিকা (৯৮ পৃষ্ঠা);
- (চ) মনোনীত ১৬৭৮ জন স্নাতক ও তদুর্ধ্ব পর্যায়ে ছাত্রছাত্রীর নামের তালিকা (৮৯ পৃষ্ঠা);


(মোঃ নূর-ই-আলম)
উপসচিব
ফোন: ৯৫১২২০৫

ইমেইল: moebudgetsection@gmail.com